

# ২০২৭ সনের জন্য প্রাথমিক বিদ্যালয়ে ভর্তি করা হচ্ছে

ফাউন্ডেশন (যো প্রেপ নামেও পরিচিত) হল ভিক্টোরিয়ার প্রাথমিক বিদ্যালয়ের প্রথম বর্ষ।

আপনার সন্তান স্কুলে যেতে পারবে যদি তারা ৩০ এপ্রিল ২০২৭ সালের আগে ৫ বছর বয়সী হয়।

আপনার সন্তানের ৬ বছর বয়স হলে বিদ্যালয়ে/স্কুলে যাওয়া বাধ্যতামূলক।

## আমি কখন আবেদন করতে পারব?

২০২৭ সালের জন্য ভিক্টোরিয়ান সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ভর্তির আবেদনপত্র:

- সোমবার ২০ এপ্রিল ২০২৬ থেকে খোলা
- ৩১ জুলাই ২০২৬, শুক্রবারের মধ্যে জমা দিতে হবে।

## আমার সন্তানের তালিকাভুক্তির অধিকার কী কী?



ভিক্টোরিয়াতে, শিক্ষা ও প্রশিক্ষণ সংস্কার আইন 2006 এর অধীনে, আপনার সন্তানের, তাদের মনোনীত স্থানীয় স্কুল (আপনার 'স্থানীয় স্কুল') পড়ার অধিকার রয়েছে। আপনার স্থানীয় স্কুল আপনার স্থায়ী আবাসিক ঠিকানার জন্য বিদ্যালয়/স্কুল অঞ্চল দ্বারা নির্ধারিত হয়। ভর্তির সিদ্ধান্ত কীভাবে নেওয়া হয় সে সম্পর্কে আরও জানতে, [Enrolling in school](#) দেখুন।

## আমি কীভাবে আমার সন্তানকে প্রাথমিক বিদ্যালয়ের প্রথম বছরে ভর্তি করবো?

আপনার সন্তানকে প্রাথমিক বিদ্যালয়ের প্রথম বর্ষে কীভাবে ভর্তি করবেন তা এখানে দেওয়া হল:

### ১. আপনার স্থানীয় স্কুল খুঁজুন

আপনার স্থানীয় সরকারি প্রাথমিক বিদ্যালয় বা কাছাকাছি বিদ্যালয়গুলি খুঁজে পেতে [www.findmyschool.vic.gov.au](http://www.findmyschool.vic.gov.au) দেখুন।

### ২. স্কুলের সাথে যোগাযোগ করুন

ঐচিক ট্যুর বুক করতে প্রাথমিক বিদ্যালয়ের সাথে যোগাযোগ করুন। স্কুলটি অনলাইন (ভিক্স্টুডেন্টস) নাকি কাগজ-ভিত্তিক ভর্তি প্রক্রিয়া ব্যবহার করবে তা নিশ্চিত করুন। এই তথ্য স্কুলের ওয়েবসাইটের মাধ্যমে পাওয়া যাবে।

### ৩. একটি তথ্যপত্র ডাউনলোড করুন

[এনরোলিং ইন ফাউন্ডেশন \(প্রেপ\)](#) থেকে ফাউন্ডেশন (প্রেপে) ভর্তির তথ্য গুচ্ছ থেকে ডাউনলোড করুন। এই প্যাকটি বৃহস্পতিবার ২ এপ্রিল ২০২৬ এর মধ্যে পাওয়া যাবে।

### ৪. আপনার ভর্তির আবেদনপত্র জমা দিন

স্কুলের ওয়েবসাইটে বর্ণিত প্রক্রিয়া অনুযায়ী অনলাইনে (VicStudents) বা কাগজের ফর্ম ব্যবহার করে আপনার ভর্তি আবেদনটি শুক্রবার, ৩১ জুলাই ২০২৬-এর মধ্যে জমা দিন।

### ৫. ফলাফল জেনে নিন

আপনার ভর্তির আবেদনের ফলাফল আপনাকে সোমবার ৩ আগস্ট থেকে শুক্রবার ১৪ আগস্ট ২০২৬ এর মধ্যে অবহিত করা হবে। যদি আপনি কোনও অফার পান, তাহলে আপনার ২৮ আগস্ট ২০২৬, শুক্রবারের মধ্যে অফারটি গ্রহণ করা উচিত।

### ৬. আপনার সন্তানের স্কুলে যাওয়ার জন্য প্রস্তুতি নিন

টার্ম ৪, ২০২৬ সালের শিক্ষার্থী স্থানান্তর অধিবেশনে অংশগ্রহণ করুন। আপনার সন্তান ২৮ জানুয়ারী ২০২৭, বৃহস্পতিবার থেকে ফাউন্ডেশন শুরু করবে।

## আমি কীভাবে আমার স্থানীয় স্কুলের সন্ধান পাবো?

নীচের ধাপগুলি অনুসরণ করার মাধ্যমে [ফাইন্ড মাই স্কুল](#) ওয়েবসাইটে আপনার স্থানীয় স্কুলের সন্ধান করুন:

1. আপনার ব্রাউজারে [www.findmyschool.vic.gov.au](http://www.findmyschool.vic.gov.au) লিখুন।
2. শুরু করতে আপনার ঠিকানা লিখুন' এর অধীনে আপনার স্থায়ী আবাসিক ঠিকানাটি লিখুন।
3. 'নিয়োগের বছর'-এর অধীনে 2027 নির্বাচন করুন। ২০২৭ সালের স্কুল অঞ্চলগুলির তথ্য বৃহস্পতিবার, ২ এপ্রিল ২০২৬-এর মধ্যে প্রকাশ করা হবে।
4. 'স্কুল টাইপ'-এর অধীনে প্রাথমিক/প্রাইমারী নির্বাচন করুন।

তখন মানচিত্রটি আপনার ঠিকানা, আপনার স্থানীয় স্কুল এবং বামদিকে স্কুলটিতে যোগাযোগ সংক্রান্ত তথ্য দেখাবে। আপনি নিচের দিকে স্কুল করলে, আপনার ঠিকানার সবচেয়ে কাছের পাঁচটি স্কুলও দেখাবে। এছাড়াও আপনি 'সার্চ ফর স্কুল'-এর অধীনে স্কুলের নাম দিয়ে অনুসন্ধান করতে পারেন।

### আমার ভর্তির আবেদন যদি গৃহীত না হয় তাহলে কী হবে?

যদি আপনার আবেদন সফল না হয়, তাহলে আপনি যা করতে পারেন:

- অন্য স্কুলে আবেদন করুন। আপনার সন্তানের স্থানীয় স্কুলে তার জন্য একটি স্থান নিশ্চিত করা আছে। আপনার সন্তানের স্থানীয় স্কুল সন্তান করতে [ফাইন্ড মাই স্কুল](#) পরিদর্শন করুন।
- সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করুন। [ফাউন্ডেশন \(প্রেপ\)](#) ভর্তি পৃষ্ঠায় ভর্তির সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করার প্রক্রিয়া সম্পর্কিত তথ্য রয়েছে।

### যদি আমি ভর্তির সময়সীমা অতিক্রম করি, তখন কি হবে?

আপনি ২০ এপ্রিল ২০২৬, সোমবার থেকে যেকোনো সময় আপনার সন্তানকে ২০২৭ শিক্ষাবর্ষের জন্য ফাউন্ডেশনে ভর্তির জন্য আবেদন করতে পারবেন।

যদিও আপনাকে ৩১ জুলাই ২০২৬ তারিখ শুরুবারের মধ্যে একটি ভর্তির আবেদন জমা দিতে বলা হচ্ছে, তবুও যেসব পরিবার ভর্তির সময়সীমা মিস করেছেন, স্থায়ীভাবে বসবাসের জন্য স্থানান্তরিত হয়েছেন অথবা নতুন করে ভিট্কেটারিয়ায় এসেছেন, তাদের দেরিতে আবেদন গ্রহণ করা হবে।

**৩১ জুলাই ২০২৬ সালের পরে জমা দেওয়া ভর্তির আবেদনগুলি ডিপার্টমেন্টের ভর্তি নীতিমালা অনুসারে প্রাথমিক বিদ্যালয় কর্তৃক আবেদনপত্র প্রাপ্তির ক্রমানুসারে প্রক্রিয়াকরণ করা হবে।**

### আমি প্রাথমিক বিদ্যালয়ে ভর্তির বিষয়ে আরও তথ্য কোথায় পেতে পারি?

ফাউন্ডেশনে ভর্তির প্রক্রিয়া সম্পর্কে আরও তথ্যের জন্য আপনি আপনার স্থানীয় প্রাথমিক বিদ্যালয়কে জিজ্ঞাসা করতে পারেন।

**সোমবার ২০ এপ্রিল ২০২৬** থেকে আপনি ফাউন্ডেশনের তালিকাভুক্তি প্রক্রিয়া সম্পর্কে একটি তথ্য প্যাক ["এনরোলিং ইন ফাউন্ডেশন \(প্রেপ\)"](#) পৃষ্ঠায় পেতে পারেন।

তথ্যের প্যাকটি অনুবাদ করতে আপনার সাহায্যের প্রয়োজন হলে, অনুগ্রহ করে আপনার স্থানীয় প্রাথমিক বিদ্যালয়ের সাথে কথা বলুন।

### সাহায্যের জন্য আমি কার সাথে যোগাযোগ করবো?

আপনি যে প্রাথমিক বিদ্যালয়ে আবেদন করতে চান সেই বিদ্যালয়ের ট্রানজিশন কো-অর্ডিনেটর, এনরোলমেন্ট অফিসার বা প্রিন্সিপাল আপনাকে ভর্তির প্রক্রিয়া সম্পর্কে আপনার যেকোন প্রশ্নে সাহায্য করতে পারেন।

### প্রয়োজনীয় লিঙ্কসমূহ

অনুগ্রহ করে নীচে কিছু দরকারী লিঙ্ক দেখুন যেগুলো আপনার সন্তান প্রাথমিক বিদ্যালয় শুরু করার সময় আপনার জন্য সহায়ক হতে পারে:

ফাইন্ড মাই স্কুল - [findmyschool.vic.gov.au](http://findmyschool.vic.gov.au)

স্কুলের স্থান সম্পর্কে তথ্য - [vic.gov.au/school-zones](http://vic.gov.au/school-zones)

ভর্তির (প্রস্তুতি) ভর্তি করা সম্পর্কে জানুন - [vic.gov.au/enrolling-foundation-prep](http://vic.gov.au/enrolling-foundation-prep)

স্কুল ভর্তি করা - [vic.gov.au/how-choose-school-and-enrol](http://vic.gov.au/how-choose-school-and-enrol)

অক্ষমতা/ডিসেবিলিটি এবং সার্বজনীন শিক্ষা - [vic.gov.au/disability-and-inclusive-education](http://vic.gov.au/disability-and-inclusive-education)

আঞ্চলিক অফিসের সাথে যোগাযোগ - [vic.gov.au/office-locations-department-education-and-training](http://vic.gov.au/office-locations-department-education-and-training)

## ২০২৭ ফাউন্ডেশন (প্রেপ) ভর্তির সময়সীমা

2026 তারিখ	বাবা-মা/পরিচর্যাকারীদের কী করা উচিত?
টার্ম ১	মঙ্গলবার ২৭ জানুয়ারী (শিক্ষার্থীরা ২৮ জানুয়ারী থেকে শুরু করবে) - বৃহস্পতিবার ২ এপ্রিল ২০২৬
টার্ম ১ এবং ২, ২০২৬	<ul style="list-style-type: none"> <li>প্রাথমিক বিদ্যালয় কর্তৃক আয়োজিত স্কুল ট্যুরে যোগদান করুন (ঐচ্ছিক)।</li> </ul>
বৃহস্পতিবার ২ এপ্রিল ২০২৬ এর মধ্যে	<ul style="list-style-type: none"> <li>২০২৭ শিক্ষাবর্ষের জন্য স্কুল অঞ্চলগুলি সংক্রান্ত তথ্য এখন প্রকাশিত হয়েছে। আপনি আপনার স্থানীয় বিদ্যালয়টি/স্কুলটি <a href="http://www.findmyschool.vic.gov.au">www.findmyschool.vic.gov.au</a> ওয়েবসাইটে খুঁজে পেতে পারেন।</li> </ul>
টার্ম ২	সোমবার ২০ এপ্রিল - শুক্রবার ২৬ জুন ২০২৬
সোমবার ২০ এপ্রিল ২০২৬ থেকে	<ul style="list-style-type: none"> <li>টার্ম ২ শুরু থেকে, আপনার সন্তানের আবেদনপত্র পূরণ করুন এবং জমা দিন - হয় স্কুলের নির্দেশনা অনুযায়ী অনলাইনে অথবা ভর্তির তথ্য প্যাকে থাকা আবেদনপত্র ব্যবহার করে, আপনার স্কুল কী পরামর্শ দেয় তার উপর নির্ভর করে।</li> <li>আরও বিস্তারিত জানার জন্য আপনি <a href="#">এনরোলমেন্ট ইন ফাউন্ডেশন (প্রেপ)</a> থেকে ভর্তির তথ্য প্যাকটি ডাউনলোড করতে পারেন।</li> </ul>
টার্ম ৩	সোমবার ১৩ জুলাই - শুক্রবার ১৮ সেপ্টেম্বর ২০২৬
শুক্রবার ৩১ জুলাই ২০২৬ এর মধ্যে	<ul style="list-style-type: none"> <li>এই তারিখের মধ্যে আপনার সম্পূর্ণ আবেদনপত্র প্রাথমিক বিদ্যালয়ে জমা দিন।</li> </ul>
সোমবার ৩ আগস্ট থেকে শুক্রবার ১৪ আগস্ট ২০২৬ এর মধ্যে	<ul style="list-style-type: none"> <li>এই সময়ের মধ্যে প্রাথমিক বিদ্যালয়গুলি আপনাকে ভর্তির ফলাফল লিখিতভাবে জানাবে।</li> <li>যদি আপনার আবেদন সফল না হয়, তাহলে আপনি প্রাথমিক বিদ্যালয়ে আপিল করতে পারেন।</li> </ul>
শুক্রবার ২৮ আগস্ট ২০২৬ এর মধ্যে	<ul style="list-style-type: none"> <li>ভর্তির অফারের সাথে দেওয়া ভর্তি ফর্মটি পূরণ করে আপনার সন্তানের আসন গ্রহণের বিষয়টি নিশ্চিত করুন।</li> <li>যদি আপনি আপিল করতে চান, তাহলে ২৮শে আগস্ট শুক্রবারের মধ্যে আপনার প্রাথমিক বিদ্যালয়ে একটি লিখিত আপিল জমা দিন।</li> </ul>
শুক্রবার ১১ সেপ্টেম্বর ২০২৬ এর মধ্যে	<ul style="list-style-type: none"> <li>প্রাথমিক বিদ্যালয়গুলি আপনাকে আপিলের ফলাফল লিখিতভাবে জানাবে।</li> </ul>
শুক্রবার ১৮ সেপ্টেম্বর ২০২৬ এর মধ্যে	<ul style="list-style-type: none"> <li>যদি আপনি আপনার প্রাথমিক বিদ্যালয়ে করা আপিলে ব্যর্থ হয়ে থাকেন, তাহলে আপনি সংশ্লিষ্ট আঞ্চলিক পরিচালকের কাছে একটি লিখিত আপিল জমা দিতে পারেন।</li> </ul>

<b>টার্ম ৪</b> <b>সোমবার ৫ অক্টোবর - শুক্রবার ১৮ ডিসেম্বর ২০২৬</b>	
<b>টার্ম ৪, ২০২৬</b>	<ul style="list-style-type: none"> <li>প্রাথমিক বিদ্যালয় কর্তৃক আয়োজিত স্থানান্তর অধিবেশনে যোগদান করুন।</li> </ul>
<b>শুক্রবার ৬ নভেম্বর ২০২৬ এর মধ্যে</b>	<ul style="list-style-type: none"> <li>আপনি যদি আঞ্চলিক পরিচালকের কাছে আপিল করে থাকেন, তাহলে এই তারিখের মধ্যে অঞ্চলটি আপনাকে ফলাফল সম্পর্কে লিখিতভাবে অবহিত করবে। এটি শুধুমাত্র ১৮ সেপ্টেম্বর, শুক্রবারের শেষ তারিখের মধ্যে প্রাপ্ত আপিলের ক্ষেত্রে প্রযোজ্য।</li> </ul>